# জাতীয় নির্বাচনে পোস্টার নিষিদ্ধ, আচরণবিধি লঙ্ঘনে কঠোর দণ্ড




সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট প্রচারে এবার পোস্টারের ব্যবহার বন্ধ থাকবে। আচরণবিধি লঙ্ঘনের ক্ষেত্রে প্রার্থীদের দণ্ড কঠোর করা হয়েছে।

নির্বাচন কমিশন (ইসি) নতুন আচরণবিধি প্রণয়ন করেছে, যার মধ্যে নির্বাচনী প্রচারে পোস্টার ও বিলবোর্ডের নিয়ন্ত্রণ সংক্রান্ত বিভিন্ন বিধান যুক্ত করা হয়েছে। একজন প্রার্থী তার আসনে সর্বোচ্চ ২০টি বিলবোর্ড ব্যবহার করতে পারবে, যার দৈর্ঘ্য সর্বোচ্চ ১৬ ফুট এবং প্রস্থ ৯ ফুট হতে পারবে।

নির্বাচনের সময় কোনো ধরনের ড্রোন, কোয়াডকপ্টার বা এ জাতীয় যন্ত্র ব্যবহার করা যাবে না। এ ছাড়াও, নারীদের সাইবার বুলিং রোধ, বিদেশে কোনো প্রার্থীর পক্ষে সরাসরি প্রচারণা না চালানো এবং কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ব্যবহার করে মিথ্যা তথ্য বা অপপ্রচার চালানোর ক্ষেত্রে শাস্তির বিধান রাখা হয়েছে।

আচরণবিধি লঙ্ঘনের দণ্ডও কঠোর করা হয়েছে। প্রার্থিতা বাতিল করা, জরিমানার পরিমাণ ৫০ হাজার থেকে বাড়িয়ে দেড় লাখ টাকা নির্ধারণ এবং ছয় মাসের কারাদণ্ডের পূর্বের বিধান বজায় রাখা হয়েছে।

ইসি জানিয়েছে, পুরনো অধিকাংশ বিধান বহাল থাকলেও নতুন কিছু ধারা যুক্ত করা হয়েছে, যা নির্বাচনী আচরণ আরও নিয়ন্ত্রিত করবে।

LENS ASIA